আগষ্ট/২০২২ মাসে অনুষ্ঠিত দৌলতপুর উপজেলার ৫ম উপজেলা পরিষদের ৪০তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব এজাজ আহমেদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দৌলতপুর, কুষ্টিয়া।

স্থান ঃ উপজেলা পরিষদ কনফারেন্স রুম, দৌলতপুর, কুষ্টিয়া ।
তারিখ ঃ ১১/০৮/২০২২ খ্রিস্টাব্দ
সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা
উপস্থিতি ঃ সভার উপস্থিতি পরিশিষ্ঠ 'ক' -তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আসন গ্রহণ করেন। অতঃপর পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করার জন্য উপজেলা নির্বাহী অফিসার দৌলতপুর, কুষ্টিয়া-কে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকল সদস্যদেরকে শুভেচ্ছা জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। আলোচনার শুরুতে গত ১৩/০১/২০২২ তারিখের কার্যবিবরণীতে ২টি স্কীমের জায়গা সংক্রান্ত জটিলতা থাকায় তা বাস্তবায়ন করা সম্ভব হয়নি তার পরিবর্তে গুরুত্বপূর্ণ স্কিম গ্রহনের জন্য আলোচনা হয় ও তা নিম্নরুপভাবে স্কীম পরিবর্তিত হয়।

১। আশিষ মাধ্যমিক বিদ্যালয় উন্নয়ন এর পরিবর্তে উপজেলা পল্লী উন্নয়ন (পজিপ) অফিসের সামনের এপ্রোচ রাস্তা সিসি করণ।

২। হোসেনাবাদ বাজারপাড়া আঃ রহমান মাষ্টারের বাড়ি হতে ইলিয়াস মাষ্টারের বাড়ির রাস্তা অবশিষ্টাংশ সিসি ঢালাই এর পরিবর্তে শশীধরপুর মোড় মসজিদ এর নিকট হতে শালিমপুর গোরস্থান পাকা রাস্তার মাথা পর্যন্ত সিসিকরণ।

গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ

গত ০৫/০৭/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পঠিত হয় এবং কোন সংশোধনী না থাকায় তা অনুমোদন ও দৃঢ়করণ করা হয়।

ক্রঃ	আলোচনাসমূহ	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়ন
০১	**উপজেলা কৃষি বিভাগ ঃ** ক) সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, বর্তমানে বোরো ধান কর্তন চলছে। ধানের ফলন সন্তোষজনক। খরিফ-১ মৌসুমের পাট, মুগ, তিল, আউশ ধানসহ বিভিন্ন ফসল বপন/রোপন কার্যক্রম চলমান। উপজেলায় রাসায়নিক সারের মজুদ পরিস্থিতি সন্তোষজনক।	সরকারি প্রনোদনায় কৃষি যন্ত্রপাতি, বীজ ও অন্যান্য উপকরণ প্রদানের ক্ষেত্রে নীতিমালা অনুসরণপূর্বক সঠিকভাবে বিতরণের বিষয়ে উপজেলা কৃষি কর্মকর্তা ব্যবস্থা গ্রহণ করবেন। সার ডিলার ও সাব ডিলাররা মজুদ করে যেন কৃষক হয়রানি না করে সে বিষয়ে উপজেলা কৃষি কর্মকর্তা যথাযথ মনিটরিং করবেন।	উপজেলা কৃষি কর্মকর্তা
০২	উপজেলা প্রকৌশলীঃ ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, নির্বাহী প্রকৌশলী এলজিইডি কুষ্টিয়া কর্তৃক নির্দেশনা মোতাবেক গত ৫ জুলাই,২০২২ তারিখের ৩৯ মাসিক সভার আলোচনার প্রেক্ষিতে কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলাধীন কাঁচা রাস্তা রোড ইনভেন্টরীতে আইডি ভুক্ত করনের চাহিদার প্রেক্ষিতে ১৪ টি ইউনিয়নের সম্মানিত চেয়ারম্যানগন তাদের ইউনিয়নের চাহিদা মোতাবেক মোট ৩৫০ টি রাস্তার তালিকা দাখিল করেন। দাখিলকৃত তালিকা অনুযায়ী উক্ত রাস্তাগুলি রোড ইনভেন্টরীতে আইডি ভুক্ত করনের জন্য তালিকা প্রস্তুত করা হয়েছে (তালিকা সংযুক্ত)। এমতাবস্থায় ১৪টি ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানগণ দাখিলকৃত রাস্তাগুলি অত্র সভায় অনুমোদনের জন্য পেশ করেন। অনুমোদিত হইলে জেলা প্রশাসক, কুষ্টিয়া	ক) উপজেলা প্রকৌশলী কর্তৃক পেশকৃত ৩৫০ টি রাস্তার রোড ইনভেন্টরীতে আইডি ভুক্ত করনের সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। খ) ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপির বরাদ্দ পাওয়া স্বাপেক্ষে নীতিমালার আলোকে স্কীম গ্রহনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। তবে, খুব দ্রুত স্কীমসমূহ চুড়ান্ত করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী

মোঃ আব্দুল জব্বার
উপজেলা নির্বাহী অফিসার
দৌলতপুর, কুষ্টিয়া।

এজাজ আহমেদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দৌলতপুর, কুষ্টিয়া।

		মেরামত ও ড্রেন এবং ট্যাংকি মেরামত ১,৫০,০০০/= উপজেলা প্রকৌশলীকে উক্ত প্রকল্পের বিপরীতে বরাদ্দকৃত টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে প্রাক্কলন প্রস্তুত করে পিআইসির মাধ্যমে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
১৮	**চেয়ারম্যান দৌলতপুর ইউনিয়ন পরিষদঃ** সভায় জনান যে, তাঁর ইউনিয়নের বয়স্ক,বিধবা ও প্রতিবন্ধী ভাতা অনেকেই পাইনা এবং সমাজসেবা অফিসের স্টাফদের আত্নীয় স্বজনের নামে অনেক ভাতার টাকা চলে যাচ্ছে বলে অভিযোগ আনেন এবং সভায় এ বিষয়ে সমাজসেবা অফিসারের ভূমিকা নিয়ে তীব্র আলোচনা করেন।	বিষয়টির উপর আলোচনা করেন এবং উপজেলা সমাজসেবা অফিসারকে জোরালো ব্যবস্থা গ্রহনের জন্য বলা হয়। অতিদ্রুত বিষয়টির নিস্পত্তির জন্য সভায় সকলে মত দেন।	
১৯	চেয়ারম্যান ফিলিপনগর ঃ চেয়ারম্যান ফিলিপনগর সভায় জানান যে, তাঁর ইউনিয়নে অনেক জেলে আছে কিন্তু প্রকৃত জেলে না হয়ে কিভাবে গরু পাই তা নিয়ে সভায় আলোচনা করেন।	বিষয়টির উপর আলোচনা করেন এবং উপজেলা মৎস্য অফিসারকে ব্যবস্থা গ্রহনের জন্য বলা হয়। এখন থেকে সকল স্কীম গ্রহন এর ক্ষেত্রে লিখিত ও সিল-স্বাক্ষর সম্বলিত তালিকা গ্রহণের জন্য সভায় সকলে মতদেন।	উপজেলা মৎস্য অফিসার
২০	চেয়ারম্যান আদাবাড়িয়া ঃ আদাবাড়িয়া ইউনিয়নের ধর্মদহ তহহাটের হাট বাজার খাতের ১০% অর্থ দ্বারা উক্ত হাটের মাটি ভরাট করণের জন্য সভায় আলোচনা করেন।	বিষয়টির উপর আলোচনা করা হয় আলোচনান্তে ধর্মদহ তহহাটের হাট বাজার খাতের ১০% অর্থ দ্বারা উক্ত হাটের মাটি ভরাটের জন্য উপজেলা প্রকৌশলীকে ২,০০,০০০/= (দুই লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে প্রাক্কলন প্রস্তুত করে পিআইসির মাধ্যমে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান আদাবাড়িয়া ইউনিয়ন পরিষদ
২১	**উপজেলা নির্বাহী অফিসার ঃ** ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে যে, দোকানগুলো আছে তা অপসারনের জন্য গত ০১/০৮/২০২২ তারিখে উপজেলা চেয়ারম্যান মহোদয়ের উপস্থিতিতে তাঁর অফিস কক্ষে দোকানদারদের নিয়ে আলোচনা করা হয়। উক্ত আলোচনায় ০১/০৯/২০২২ তারিখের মধ্যে তাদের নিজ নিজ দ্বায়িত্বে উপজেলা পরিষদের অভ্যন্তরে থেকে দোকান অপসারন করার কথা থাকলেও কেউ তা অপসারণ করে নাই। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। খ) তিনি আরও জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে মডেল মসজিদ নির্মিত হওয়ায় বর্তমান মসজিদটি পরিত্যক্ত হলে উক্ত ভবনে সোনালী ব্যাংক স্থানান্তর করার বিষয়ে আলোচনা করেন। যেহেতু বর্তমান সোনালী ব্যাংক ভবনটি ঝুকিপূর্ণ সেই সাথে উপজেলার সকল দপ্তরের সরকারী কর্মকর্ত ও কর্মচারীদের বেতন ও ট্রেজারী চালান সোনালী ব্যাংকের মাধ্যমে লেনদেন হয় সেহেতু সোনালী ব্যাংক উপজেলা পরিষদের অভ্যন্তরে থাকা প্রয়োজন মর্মে সভায় আলোচনা করেন।	ক) সকল সরকারী দপ্তরের নিরাপত্তার স্বার্থে উপজেলা পরিষদের অভ্যন্তরে সকল দোকান অপসারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া তাদের নামে বরাদ্দ বাতিল ও পল্লী বিদ্যুৎকে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। খ) উপজেলা পরিষদের অভ্যন্তরে মডেল মসজিদ চালু হলে বর্তমান মসজিদ ভবনটি সোনালী ব্যাংক লিঃ এর (ইতোমধ্যে সোনালী ব্যাংক লিঃ আবেদন করেছে) নিকট নিয়মানুযায়ী ভাড়া প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার
২২	ক) <u>ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান ঃ</u> ক) সভায় তিনি জানান যে, তাঁর জুলাই/২০২২ মাসের দৈনিক ভাতার বিল প্রস্তুত করা হয়েছে এবং সেপ্টেম্বর/২০২২ মাসের ভ্রমন সূচি	ক) সভায়, জুলাই/২০২২ মাসের দৈনিক ভাতা চেয়ারম্যান ৯৩৭৫/=(নয় হাজার তিনশত পচাত্তর) টাকা, ভাইস চেয়ারম্যানদ্বয় ৫০০০/= টাকা হারে	উপজেলা নির্বাহী অফিসার

	অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।	উপজেলা রাজস্ব তহবিল থেকে পরিশোধ করার সিদ্ধান্ত হয় এবং সেপ্টেম্বর/২০২২ মাসের ভ্রমন সূচি গ্রহনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	
২৩	চেয়ারম্যান উপজেলা পরিষদ ক) সভার প্রথমে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির জনক বংঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ তাঁর পরিবারের সকল শহীদ সদস্যদের প্রতি মাগফিরাত কামনা করেন। চেয়াম্যান উপজেলা পরিষদ সভায় জানান যে, মোঃ তৌফিকুল ইসলাম, পিতা- মৃত জহির মন্ডল, গ্রাম+পোষ্ট- খাসমথুরাপুর, ২) মোঃ জোয়াদ মন্ডল, পিতা- মৃত তৈজদ্দিন মন্ডল, ৩) মোঃ জাকির হোসেন, পিতা- মোঃ জোয়াদুল ইসলাম, দয়ের গ্রাম- গাছের দিয়াড় টলটলিপাড়া, আল্লারদর্গা, ৪) মোঃ লালন সর্দ্দার, পিতা- উসমান গনী, গ্রাম- ঝাউদিয়া দৌলতপুর, কুষ্টিয়া এদের সকলের অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ হওয়ায় আর্থিক সাহায্যে প্রদানের জন্য সভায় আলোচনা করেন। খ) তিনি আরও জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীনদের জন্য অত্র উপজেলায় ৩টি বাড়ি নির্মানের নির্দেশনা দিয়েছেন। ৩টি বাড়ি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে অর্থ ব্যয় করা হবে। এ বিষয়ে সরকারী নীতিমালা অনুসরন করার বিষয়ে সভায় আলোচনা করেন। গ) তিনি আরো জানান যে, উপজেলা পরিষদের ব্যবহৃত জীপগাড়ি কুষ্টিয়া ঘ-১১-০০৩০ নম্বর গাড়িটির দীর্ঘদিন চলাচলের কারণে বিভিন্ন যন্ত্রাংশ মেরামত ও সংযোজন করা জরুরী যন্ত্রাংশগুলো নিম্নরুপঃ গাড়ীটির বর্তমানে টায়ার-টিউব ৫টি, বল জয়েন্ট ৫টি,সক অবজারভার-২টি, ক্লাস প্লেট ১টি, রিলিজ বিয়ারিং ১টি, প্রেশার প্লেট ১টি, ব্রেক প্যাড ১সেট, ব্রেক-সু ১ সেট, সামনের চাকার বিয়ারিং ২টা, টাই রড এন ১সেট, সকল সাসপেনশন বুশ ও সিল ২২পিচ, বডি কার্পেটিং, সিট কভার পরিবর্তন, ডেনটিং ও পেন্টিং সহ গাড়ির ত্রুটি দেখা দিয়েছে। গাড়িটি চালু রাখার স্বার্থে জরুরী ভিত্তিতে এগুলো পরিবর্তন করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা করেন। ঘ) তিনি আরো জানান যে, কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলা পরিষদের অভ্যান্তরে ধানসিড়ি ভবন, সোনালী ভবন, দৌলতপুর ভবন, পূবালী ভবন এবং রুপালী ভবন দীর্ঘদিন মেরামত না করায় বসবাসের অনুপোযোগী হয়ে পড়েছে যেখানে প্রত্যক্ষ দর্শনে দেখা যায় যে, ধানসিড়ি ভবনে ৪র্থ শ্রেণীর ৮টি পরিবার অনেক কষ্টে বসবাস করে । এ বিষয়ে উপজেলা প্রকৌশলী সরেজমিনে দেখে উক্ত ভবন গুলোর মেরামতের জন্য প্রাক্কলন প্রস্তুত করেছেন প্রাক্কলিত মূল্য ৬৮,১৯,৯৫১/= (আটষট্টি লক্ষ উনিশ হাজার নয়শত একান্ন) টাকা মাত্র । এ বিষয়ে সভায় বিশদ ভাবে আলোচনা করেন	ক) অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত প্রত্যেক পরিবারকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে ৫,০০০/=(পাঁচ হাজার) টাকা করে অনুদান প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। খ) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মুজিববর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীনদের ঘর নির্মানের নীতিমালা অনুসরণ পূর্বক উপজেলা পরিষদ রাজস্ব-তহবিল থেকে অত্র উপজেলায় ৩টি বাড়ি নির্মানের নির্দেশনা রয়েছে। উপজেলা প্রকৌশলীকে প্রধানমন্ত্রীর কর্যালয়ের আশ্রায়ণ-২ প্রকল্পের সর্বশেষ প্রাক্কলন মোতাবেক কোটেশনের মাধ্যমে অতি দ্রুত বাস্তবায়ন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। গ) বিষয়টি উপর বিস্তারিত আলোচনা করা হয়, আলোচনান্তে উপজেলা পরিষদের ব্যবহৃত জীপগাড়ি কুষ্টিয়া ঘ-১১-০০৩০ নম্বর গাড়িটির টায়ার-টিউব ৫টি, বল জয়েন্ট ৫টি,সক অবজারভার-২টি, ক্লাস প্লেট ১টি, রিলিজ বিয়ারিং ১টি, প্রেশার প্লেট ১টি, ব্রেক প্যাড ১সেট, ব্রেক-সু ১ সেট, সামনের চাকার বিয়ারিং ২টা, টাই রড এন ১সেট, সকল সাসপেনশন বুশ ও সিল ২২পিচ, বডি কার্পেটিং, সিট কভার পরিবর্তন, ডেনটিং ও পেন্টিং জরুরী ভিত্তিতে পরিবর্তনের জন্য বিআরটিএ কুষ্টিয়া কর্তৃক প্রত্যায়ন গ্রহণ পূর্বক উপজেলা প্রকৌশলী দ্বারা প্রাক্কলন প্রস্তুত করত প্রাক্কলিত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে ব্যয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর প্রেরনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। ঘ) কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলা পরিষদের অভ্যান্তরে ধানসিড়ি ভবন, সোনালী ভবন, দৌলতপুর ভবন, পূবালী ভবন এবং রুপালী ভবন মেরামতের জন্য উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রাক্কলিত ৬৮,১৯,৯৫১/= (আটষট্টি লক্ষ উনিশ হাজার নয়শত একান্ন) টাকার প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী কুষ্টিয়া কর্তৃক অনুমোদন করে অনুমোদিত প্রাক্কলন অর্থ বরাদ্দের জন্য সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর	

		প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	
২৪	জুলাই/২২ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে নিম্নবর্নিত বিষয়ে অর্থ ব্যয় করা হয়েছে । ক) উপজেলা চেয়ারম্যান মহোদয়ের সম্মানী ৪০,০০০/= খ) উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানী (দুইজন) ৫৪,০০০/= গ) উপজেলা চেয়ারম্যান এবঁ ভ্রমন বিল ১০,৬২৫/= ঘ) উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়ের ভ্রমন বিল ১৩,০০০/= ঙ) উপজেলা পরিষদে কর্মরত মালী ও সুইপার এর দৈনিক মজুরী ০২(দুই) ২০,৯০০/= চ) উপজেলা পরিষদের আনুষঙ্গিক বিল ৫,০০০/= ছ) উপজেলা পরিষদের বিভিন্ন মিটিং এর আপ্যায়ন বিল ৩০,০০০/= জ) উপজেলা নিবাহী অফিসারের নিরাপত্তার জন্য আনসার সদস্যদের জন্য ব্রাক নির্মাণের বিজ্ঞপ্তি ৬০,২২৩/= ঝ) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এর উদ্বৃত্ত অর্থ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে স্থানান্তর ১,৫০,০০,০০০/=	আলোচনান্তে উল্লেখিত ব্যয়োত্তর টাকা অনুমোদনের জন্য সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৭/০৮/২২

এজাজ আহমেদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দৌলতপুর, কুষ্টিয়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দৌলতপুর, কুষ্টিয়া।

স্মারক নং- ০০.০০.৫০৩৯.০৩৯.৪০.০০১.২২- ১৭

০২ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
তারিখ ঃ ------------------------
১৭ আগষ্ট, ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা ৭৫, কুষ্টিয়া-১।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৪। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কুষ্টিয়া।
৬। উপজেলা------------------------- অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া।
৭। চেয়ারম্যান ----------------------------ইউপি, দৌলতপুর, কুষ্টিয়া।
৮। অফিস কপি।

১৭/০৮/২২

(মোঃ আব্দুল জব্বার)
পরিচিতি নং -২০৬১৯
উপজেলা নির্বাহী অফিসার
দৌলতপুর, কুষ্টিয়া।